



ক্ষমতার লোভ দেখিয়ে বিপ্লবের শক্তি কেনা যায় না: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম: সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, “কিছু শক্তি ভেবেছিল, ক্ষমতার ভাগ-বাটোয়ারার লোভ দেখিয়ে গণঅভ্যুত্থানের শক্তিকে কিনে নেওয়া যাবে। কিন্তু তারা ভুলে গেছে—বিপ্লবের শক্তিকে অর্থ বা প্রস্তাব দিয়ে কেনা যায় না। কোনো রাজনৈতিক দলের পক্ষে তা সম্ভব নয়।”

শনিবার (১২ জুলাই) সাতক্ষীরার শান্তিমোড় থেকে শুরু হওয়া এক পদযাত্রা শেষে শহরের শহীদ আসিফ চত্বরে আয়োজিত সমাবেশে এসব কথা বলেন তিনি।

নাহিদ ইসলাম বলেন, “৫ আগস্ট আমরা জাতীয় সরকারের প্রস্তাব দিয়েছিলাম, তখন দরজা খোলা ছিল। কিন্তু তারা সে প্রস্তাবে সাড়া দেয়নি। এখন আবার আলোচনার কথা বলছে। আসলে তাদের আগ্রহ শুধু ক্ষমতার ভাগ নিয়ে।”

এনসিপির এই নেতা আরও বলেন, “যখনই সংস্কার বা বিচার ব্যবস্থার কথা তোলা হয়, একটি দল সঙ্গে সঙ্গে বিরোধিতা করে। কারণ তারা পুরনো রাজনৈতিক বন্দোবস্ত টিকিয়ে রেখে নিজের স্বার্থ রক্ষা করতে চায়। কিন্তু গণঅভ্যুত্থানের পর পুরনো ধারা চলবে না।”

তিনি হুঁশিয়ার করে বলেন, “জুলাইয়ের শক্তি এখনো রাজপথে সক্রিয়। যারা জনদাবির বিপক্ষে গিয়ে চাঁদাবাজি ও সন্ত্রাসকে টিকিয়ে রাখতে চায়, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।”

পদযাত্রায় উপস্থিত ছিলেন এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ, উত্তরাঞ্চলের সংগঠক সারজিস আলমসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।